# ঢাকা স্কুল অব ইকনোমিকস
## (ঢাকা বিশ্ববিদ্যালয়ের অঙ্গীভূত প্রতিষ্ঠান)
## ২০২৬-২৭ শিক্ষাবর্ষের মাস্টার্স প্রোগ্রামের ভর্তি-নির্দেশিকা

| | |
|---|---|
| **পরীক্ষার তারিখ** | ১৭ জুলাই ২০২৬ |
| **আবেদনের সময়সীমা** | ২৪ জুন,২০২৬ থেকে ৭ জুলাই, ২০২৬ |
| **পরীক্ষার সময়** | সকাল ১০:০০ থেকে বেলা ১১:৩০ |
| **পরীক্ষার ব্যাপ্তি** | ১ ঘন্টা ৩০ মিনিট |
| **পরীক্ষার কেন্দ্রে প্রবেশের সর্বশেষ সময়** | প্রবেশপত্রে বিস্তারিত উল্লেখ থাকবে। |

### ঢাকা স্কুল অব ইকনোমিকস এর মাস্টার্স প্রোগ্রামসমূহ

- Master of Economics (Environmental Economics), আসন সংখ্যা - ৫০
- Master of Economics (MEcon) in Development Economics, আসন সংখ্যা - ৩৫
- Master of Economics (Entrepreneurship Economics), আসন সংখ্যা - ৪০

### প্রার্থীর প্রাথমিক যোগ্যতা

- যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ৪ বছর মেয়াদী স্নাতক অথবা স্নাতকোত্তর ডিগ্রী সম্পন্নকারী ব্যক্তি ঢাকা স্কুল অব ইকনোমিকস -এ ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য নয়।

### ভর্তির আবেদন পত্র সংগ্রহ, পূরণ ও জমাদান

- ভর্তির আবেদন পত্র সংগ্রহ, পূরণ ও জমাদান অনলাইনে সম্পন্ন হবে। প্রার্থী আবেদন পত্র ওয়েব সাইট (https://du-dsce.applyingnext.com/) এর মাধ্যমে সংগ্রহ ও জমাদান করতে পারবে।
- আবেদন পত্র সংগ্রহ, পূরণ ও জমাদান প্রসঙ্গে এবং অন্যান্য জিজ্ঞাসার বিষয়ে নিম্নলিখিত নম্বরে যোগাযোগ করতে পারবে: Head of Admin, Development and Academic Affairs (incharge), DScE. , Mobile: 01711110775 , Environmental Economics (01725-892763), Development Economics (01780-354851), Entrepreneurship Economics (01748-511698).
- আবেদন পত্রের Subject Choice Option -এ প্রার্থীকে পছন্দ অনুসারে তিনটি বিষয় ক্রমানুসারে (First, Second & Third Choice) উল্লেখ করতে হবে।
- বিকাশ নম্বরের মাধ্যমে আবেদন ফি জমা করতে হবে। বিকাশ নম্বর: (01711894225)

## ভর্তি-পরীক্ষা ও ভর্তিচ্ছুদের করণীয়

- পরীক্ষার আসন বিন্যাস প্রার্থীর রোল নম্বর অথবা ফর্মের সিরিয়াল নম্বর অনুসারে হবে। আসন বিন্যাস ওয়েবসাইট (www.dsce.edu.bd) থেকে জানা যাবে।
- ভর্তি-পরীক্ষা MCQ (Multiple Choice Question)ও লিখিত উভয় পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। মোট ১ ঘন্টা ৩০ মিনিটের পরীক্ষার MCQ অংশ ৬০ মিনিট ব্যাপী এবং লিখিত অংশ ৩০ মিনিট ব্যাপী অনুষ্ঠিত হবে।
- ভর্তি-পরীক্ষায় (MCQ ও লিখিত) প্রাপ্ত নম্বর এবং স্নাতক অথবা স্নাতকোত্তর পরীক্ষায় প্রাপ্ত নম্বর/গ্রেড -এর ভিত্তিতে চূড়ান্ত মেধাস্কোর নির্ধারিত হবে।

**ভর্তি-পরীক্ষার MCQ অংশের (সময়ঃ ৬০ মিনিট) ৭০ নম্বরের বন্টন নিম্নরূপঃ**

| | প্রশ্ন সংখ্যা | নম্বর |
|---|---|---|
| Mathematics | ২০টি | ২০×১= ২০ |
| English | ৫০টি | ৫০×১= ৫০ |
| | মোট প্রশ্ন = ৭০টি | মোট নম্বর =৭০ |

**ভর্তি-পরীক্ষার লিখিত অংশে (সময়ঃ ৩০ মিনিট) ২০ নম্বরের বন্টন নিম্নরূপঃ**

| | নম্বর |
|---|---|
| English Essay | ২০ |
| | মোট নম্বর = ২০ |

- **ভর্তি-পরীক্ষার MCQ অংশের জন্য প্রযোজ্য**
  (i) Basic English
  (ii) Basic Mathematics
- English লিখিত অংশের জন্য সমসাময়িক বিষয়াবলি গুরুত্ব পাবে।
- ভর্তি-পরীক্ষায় কোনো প্রকার Calculator বা ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করা যাবে না।
- ভুল উত্তরের জন্য নম্বর কাটা হবে না।
- প্রার্থী কোনো অবস্থাতেই মোবাইল ফোন, Calculator, বই, কাগজপত্র (প্রবেশপত্র ছাড়া), ইলেকট্রনিক ডিভাইস সংবলিত ঘড়ি ও কলম ইত্যাদি নিয়ে পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করতে পারবে না।

## মেধা তালিকা/মেধাস্কোর তৈরির পদ্ধতি ও ভর্তির জন্য মনোনয়ন

- মেধাস্কোরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি করা হবে।
- মেধাস্কোর মোট ১০০ নম্বরের (ভর্তি পরীক্ষা: ৯০, স্নাতক/স্নাতকোত্তর: ১০) ভিত্তিতে পরীক্ষার্থীদের মেধা তালিকা তৈরি করা হবে। এক্ষেত্রে শিক্ষার্থীদের স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে প্রাপ্ত জিপিএ-কে ২.৫ দিয়ে গুণ করে এই গুণফল, ৯০ নম্বরের ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে যোগ করে মোট ১০০ নম্বরের উপর মেধা স্কোর তৈরি করা হবে।
- ভর্তি-পরীক্ষার ১০০ নম্বরের মধ্যে পাস নম্বর ৪০
- ঢাকা স্কুল অব ইকনোমিকস এর ওয়েবসাইটে (www.dsce.edu.bd) ও নোটিশ বোর্ডে ফলাফল প্রকাশ করা হবে।
- মেধা তালিকার ভিত্তিতে ন্যূনতম যোগ্যতা পূরণ সাপেক্ষে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের ভর্তির জন্য মনোনয়ন দেওয়া হবে।
- ফলাফল প্রকাশের সম্ভাব্য তারিখ ২৯ জুলাই,২০২৬

## মনোনয়ন ও প্রোগ্রাম নির্বাচন

- আসন সংখ্যা ও মেধাক্রম অনুযায়ী প্রাপ্ত বিষয় প্রার্থীকে অবগত করা হবে (www.dsce.edu.bd)।

## ভর্তি প্রক্রিয়া

- নির্বাচিত প্রার্থীকে ১ আগস্ট,২০২৬ থেকে ১২ আগস্ট, ২০২৬ এর মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- প্রার্থীকে অব্যশই ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত তথ্য এর জন্য ওয়েবসাইটের (www.dsce.edu.bd) নির্দেশনা অনুসরণ করতে হবে এবং সংশ্লিষ্ট দপ্তরে নির্ধারিত তারিখের মধ্যে যোগাযোগ করে প্রয়োজনীয় কাজ সম্পন্ন করতে হবে।
- প্রার্থী কোনো প্রোগ্রামে ভর্তির জন্য মনোনীত হলে ঐ প্রোগ্রামে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি না হলে সে ভর্তির সুযোগ হারাবে।
- প্রার্থী কোনো প্রোগ্রামে ভর্তি হওয়ার পর, সে যদি প্রোগ্রাম পরিবর্তন করতে চায় তাহলে পরবর্তীতে নির্ধারিত সময়ের মধ্যে আসন খালি থাকা সাপেক্ষে, ভর্তির ন্যূনতম যোগ্যতায় কোনো ব্যতিক্রম উল্লেখ না থাকা সাপেক্ষে কিংবা প্রোগ্রামের শর্ত পূরণ সাপেক্ষে মেধা অনুসারে সে প্রোগ্রাম পরিবর্তনের সুযোগ পাবে।

- **ইন্সটিটিউটের চাহিদা অনুযায়ী প্রার্থীকে নিম্ন লিখিত কাগজপত্র আনতে হবে**

  ক. সম্প্রতি তোলা ১ কপি পাসপোর্ট আকারের এবং ১ কপি স্ট্যাম্প আকারের রঙিন ছবি ;
  খ. সকল পরীক্ষার মূল সনদপত্র, মূল নম্বরপত্র/ ট্রান্সক্রিপ্ট এবং প্রত্যেকটির দুইটি করে ফটোকপি;
  গ. জাতীয় পরিচয়পত্রের দুইটি করে ফটোকপি।

ঘ. ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বর প্রাপ্ত শিক্ষার্থী ব্যতীত অন্যান্য সকল ভর্তিযোগ্য শিক্ষার্থীদের জন্য Migration Certificate আবশ্যক।

- **ছবি ও ফটোকপিগুলি সত্যায়িত করে নিয়ে আসতে হবে।**

<u>ক্লাশ শুরুর সম্ভাব্য তারিখ</u>

- **১৫ আগস্ট,২০২৬**

**বিশেষ দ্রষ্টব্য : ভর্তি সংক্রান্ত নিয়মনীতির যেকোনো ধারা ও উপধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার DScE কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।**